



SEIP প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণকারীদের আত্ম-কর্মসংস্থান (Self-employment)-এ উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ব্যাংকার-নতুন উদ্যোক্তা মত বিনিময় সভা ও ঋণ বিতরণ অনুষ্ঠিত।



SEIP প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাবীন Skills for Employment Investment Program (SEIP), (Tranche-1) প্রকল্পের আওতায় দেশব্যাপী ১০,৯৫০ জনকে বিভিন্ন ট্রেড কোর্সে Outsourcing প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ প্রকল্পের লক্ষ্য হচ্ছে তরণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসএমই খাতে উৎপাদনশীলতা বৃদ্ধিতে ভূমিকা রাখার পাশাপাশি নতুন উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা। প্রকল্পের অন্যতম লক্ষ্য অনুযায়ী নতুন উদ্যোক্তা তৈরীতে প্রত্যেক বিভাগে আয়োজিতব্য ব্যাংকার্স- উদ্যোক্তা মতবিনিময় সংক্রান্ত “Access to credit facilities for self employment” সংক্রান্ত ধারাবাহিক কর্মসূচীর অংশ হিসেবে প্রশিক্ষণ গ্রহণকারীদের আত্ম-কর্মসংস্থান (Self-employment)-এ উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ব্যাংকার-নতুন উদ্যোক্তা মত বিনিময় সভা ও ঋণ বিতরণ অনুষ্ঠান ০৬/০৫/২০১৮ তারিখে বাংলাদেশ ব্যাংক, সিলেট অফিসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের মাননীয় গভর্নর জনাব ফজলে কবির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন SEIP প্রকল্পের নির্বাহী প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব জনাব জালাল আহমেদ এবং বিভাগীয় কমিশনার, সিলেট ও অতিরিক্ত সচিব জনাব ড. মোহাম্মৎ নাজমানারা খানুম। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংক, সিলেট অফিসের নির্বাহী পরিচালক জনাব মোঃ শাহ্ আলম। অনুষ্ঠানে প্রধান অতিথি গভর্নর জনাব ফজলে কবির অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গতিশীলতা আনয়নে উদ্যোক্তা উন্নয়নের গুরুত্ব তুলে ধরে সংশ্লিষ্ট সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের সম্মিলিত সহযোগিতার মাধ্যমে নতুন উদ্যোক্তা তৈরীতে ভূমিকা রাখার আহ্বান জানান। তিনি বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নতুন উদ্যোক্তাদের এসএমই ঋণ প্রদানে আরো বেশি আন্তরিক হওয়ার আহ্বান জানিয়ে বলেন ক্ষুদ্র উদ্যোক্তাগণ ঋণ পরিশোধে তুলনামূলকভাবে বেশি আগ্রহী থাকেন। তিনি বাংলাদেশ ব্যাংকের নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিলের বেশির ভাগ অর্থ অব্যয়িত থাকায় অসন্তোষ প্রকাশ করে এ তহবিলের অর্থ যথাযথভাবে ব্যবহার করার লক্ষ্যে নতুন উদ্যোক্তাদেরকে আরো বেশি অর্থায়ন করার জন্য চুক্তি স্বাক্ষরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করেন। বিশেষ অতিথি জনাব জালাল আহমেদ SEIP প্রকল্পের আওতায় দক্ষতা উন্নয়ন বিষয়ক বিভিন্ন কর্মপরিকল্পনা ও কর্মপস্থা সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে বাংলাদেশ ব্যাংক এর এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের মহাব্যবস্থাপক জনাব শেখ মোঃ সেলিম জাতীয় অর্থনীতিতে এসএমই খাতের গুরুত্ব তুলে ধরে বলেন, বাংলাদেশে বিরাজমান জনমিতিক সুবিধা কাজে লাগাতে হলে এ দেশের কর্মক্ষম জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন অত্যন্ত জরুরী। অনুষ্ঠানের সভাপতি নির্বাহী পরিচালক জনাব শাহ্ আলম সিলেট বিভাগসহ সারাদেশে এ মহতী কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকল পক্ষকে ধন্যবাদ জানান এবং সিলেট বিভাগের প্রশিক্ষণার্থীবৃন্দকে উদ্যোক্তা হতে উদ্বুদ্ধ করার লক্ষ্যে আগত প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রকল্প ইউনিটের চীফ কো-অর্ডিনেটর জনাব মোস্তাফিজুর রহমান, সিলেট বিভাগে প্রশিক্ষণ প্রদানকারী ইউসেপ বাংলাদেশ এর প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তাহসিনা আহমেদ ও টিএমএসএস এর নির্বাহী পরিচালক জনাব ড. হোসনে-আরা বেগম ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধানগণ, উদ্যোক্তা হতে আগ্রহী SEIP প্রকল্পের প্রশিক্ষণার্থীবৃন্দ, বাংলাদেশ ব্যাংকের প্রকল্প ইউনিট, SEIP এর কর্মকর্তাবৃন্দ এবং বাংলাদেশ ব্যাংক, সিলেট অফিসের কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানের সর্বশেষে সিলেট বিভাগের প্রশিক্ষণার্থীদের মধ্য হতে নতুন উদ্যোক্তাদেরকে গভর্নর মহোদয়ের মাধ্যমে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত ঋণের ডেমো চেক প্রদান করা হয়। অনুষ্ঠানটি সার্বিক সমন্বয় করেন প্রকল্প ইউনিটের কো-অর্ডিনেটর উপপরিচালক জনাব মুহাম্মদ জাহিদ ইকবাল এবং সঞ্চালনায় ছিলেন যুগ্ম-পরিচালক জনাব মোজতবা রুমান চৌধুরী ও উপপরিচালক জনাব মোঃ কামরুল ইসলাম।